



## পরীক্ষা

# শেষ হলো গুচ্ছ ভর্তি পরীক্ষা, সি ইউনিটের ফল দ্রুতই

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

দেশের ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি (জিএসটি) বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য গুচ্ছ পদ্ধতিতে এ, বি ও সি ইউনিটের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সি ইউনিটভুক্ত বাণিজ্য বিভাগ থেকে পাসকৃত শিক্ষার্থীদের পরীক্ষার মাধ্যমে এ ভর্তি পরীক্ষা শেষ হলো।

জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বিত ভর্তি কমিটির আহ্বায়ক ও যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) উপাচার্য মো. আনোয়ার হোসেন বলেন, ‘সারা বাংলাদেশে অত্যন্ত সুষ্ঠুভাবে জিএসটি গুচ্ছ ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে। কোথাও কোনো অঘটন ঘটেনি বা প্রশ্নেও কোনো ত্রুটি পাওয়া যায়নি। আগের মতো দ্রুততম সময়ের মধ্যেই সি ইউনিটের ফলাফল প্রকাশ করা হবে। ফলাফল প্রকাশের পরপরই গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোয় ভর্তিপ্রক্রিয়া শুরু করা হবে। তিনি আরও বলেন, ‘সুষ্ঠু ও নির্বিঘ্নে পরীক্ষা সম্পন্ন করায় গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ দেশের বিভিন্ন স্তরের সামরিক-বেসামরিক, আধা সামরিক, গোয়েন্দা সংস্থাসহ সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তবে যবিপ্রবিতে যাঁরা দীর্ঘ প্রায় এক মাস যাবৎ প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন, প্রিন্টিং, প্যাকেজিং, সিকিউরিটিসহ সার্বিক কর্মকাণ্ডে জড়িত ছিলেন, তাঁদের বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।’

যবিপ্রবির জনসংযোগ শাখার উপপরিচালক (চলতি দায়িত্ব) মো. আবদুর রশিদের সই করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের যাতায়াত, থাকা-খাওয়াসহ বিভিন্ন দুর্দশা লাঘবে চতুর্থবারের মতো জিএসটি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সি ইউনিটের ভর্তি পরীক্ষা বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় শিক্ষার্থীদের উপস্থিতি ছিল ৯০ শতাংশের কাছাকাছি। গত ২৭ এপ্রিল এ ও ৩ মে বি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ইতিমধ্যে দুইটি ইউনিটের ফলাফলও প্রকাশিত হয়েছে। এ ইউনিটভুক্ত বিজ্ঞান বিভাগ থেকে ৫০ হাজার ৭৬০ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন। সেই হিসাবে এ ইউনিটে পাসের হার ৩৩ দশমিক ৯৮। বি ইউনিটভুক্ত মানবিক বিভাগ থেকে ৩১ হাজার ৮১ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন। সে হিসাবে পাসের হার ৩৬ দশমিক ৩৩। দেশের ২৪টি বিশ্ববিদ্যালয়ে এ ইউনিটে ভর্তির জন্য ১২ হাজার ৪০২টি, বি ইউনিটে ভর্তির জন্য ৪ হাজার ৫১৫টি এবং সি ইউনিটে ভর্তির জন্য ৩ হাজার ৬২৯টি আসন রয়েছে।

গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার ফলাফলসহ অন্য তথ্য [এই ওয়েবসাইটে](#) পাওয়া যাবে।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 [prothomalo.com](http://prothomalo.com)

By using this site, you agree to our Privacy Policy.

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো